# ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ২৮/১২/২০২১ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরূপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর উপজেলায় ৮৫০০ হে. জমিতে রোপা আমন আবাদ হয়েছে এবং কর্তন শেষ হয়েছে। আশানুরুপ ফলন হওয়াতে কৃষক সন্তুষ্ট এবং ফলন জাতীয় লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। এ বছর উপজেলায় রোপা আমন মৌসুমে ২০৭৮০ মে. টন ধান উৎপাদন হয়েছে। পাশাপাশি বোরো মৌসুমে ৯১২৭ হে. আবাদের লক্ষ্যমাত্রা নিয়ে ইতোমধ্যেই ২২ হে. জমিতে বোরো ধান রোপন হয়েছে। এছাড়া ৫৩০০ হে. জমিতে ভূট্টা ও ১৬৫০ হে. জমিতে সরিষা আবাদ হয়েছে। উপজেলায় রবি ফসল ও অন্যান্য শীতকালীন সবজি আবাদ বৃদ্ধির লক্ষে মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের কাজ করার জন্য নির্দেশনা দেওয়া হচ্ছে। বীজ ও সারের কোন সংকট নেই। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক নির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির মাঝে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা কার্যক্রম চলমান রয়েছে। টিকা দেয়া হয়েছে ১,১৩,৬৭৯ ডোজ। ছাত্র/ছাত্রীদের করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। দেওয়ানগঞ্জ জিসি হতে সানন্দবাড়ী জিসি ভায়া তারাটিয়া বাজার রাস্তা এবং উপজেলা পরিষদের নব নির্মিত হল রুম ভবনটি মাননীয় সংসদ সদস্য জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, এঁর নামে নাম করণের লক্ষ্যে ইতোমধ্যে আলোচনাক্রমে সিদ্ধান্ত হয়েছে। নাম করণ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন-২ শাখায় অনুমোদনের জন্য সুপারিশ প্রেরণ আবশ্যক।<br>০২। ২০২১-২০২২ অর্থবছরে এডিপি ০২ টি বরাদ্দ পাওয়া গেছে। বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণকে ও ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তীতে যাচাই বাছাই কমিটির মাধ্যমে বাছাই করে সিদ্ধান্ত নেয়া হবে।<br>০৩। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় "প্রভাতী প্রকল্পের" অর্থায়নে সানন্দবাড়ী বাজার উন্নয়নের অনুমোদন পাওয়া গেছে। অনুমোদিত মাষ্টার প্ল্যান অনুযায়ী প্রস্তাবিত নতুন সেড নির্মাণের স্থানে পুরাতন ও জরাজীর্ন সেড ঘরসমূহ অপসারণের লক্ষে সরকারি বিধি মোতাবেক নিলামে বিক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনা করা হয়।<br>০৪। এলজিইডির আওতায় প্রভাতী প্রকল্পের অর্থায়নে হাতীভাংগা ইউনিয়নের আমখাওয়া বাজার উন্নয়নের লক্ষে Layout প্রদানকালে দেখা যায় যে, মাষ্টার প্ল্যানের প্রস্তাবিত স্থানে অবৈধভাবে বিভিন্ন দোকান ও ব্যবসা প্রতিষ্ঠান নির্মাণ করা হয়েছে। ফলে অনুমোদিত মাষ্টারপ্ল্যান অনুযায়ী সেড ঘরসহ অন্যান্য স্থাপনা নির্মাণ সম্ভব করা হচ্ছে না। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে উক্ত বাজারের অবৈধ স্থাপনা অপসারন করা প্রয়োজন।<br>০৫। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | ০১। বিস্তারিত আলোচনাক্রমে মাননীয় সংসদ সদস্য জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, এঁর নামে নাম করণের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন-২ শাখায় অনুমোদনের জন্য সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২১-২০২২ অর্থবছরে এডিপি প্রকল্প জমা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>০৩। উল্লিখিত বাজারে নতুন সেড নির্মাণের লক্ষ্যে পুরাতন ও জরাজীর্ন সেডসমূহের প্রাক্কলন প্রস্তুতপূর্বক নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। আমখাওয়া বাজরের অবৈধ স্থাপনা দোকান জরুরী ভিত্তিতে অপসারনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে গ্রামীন পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকুপগুলোর প্রযুক্তি নির্ধারনের জন্য প্রধান প্রকৌশলীর দপ্তর হতে নির্ধারিত প্রস্তাব অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আর্সেনিক স্কিনিং এর কাজ জানুয়ারি/২২ প্রথম সপ্তাহে শুরু হবে। পৌরসভা ব্যতিরেকে সকল ইউপিতে শুরু হবে। Wash Block এর কাজ চলমান রয়েছে। ৩২ পৌরসভায় পানি সরবরাহ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় কাজ চলছে। দপ্তরীয় অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। | Wash Block সহ সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার ভাতাভোগীর সংখ্যা ২৪,০০০। মোবাইলের মাধ্যমে ভাতাভোগীগণ অর্থ পেয়ে থাকেন। চলতি মাসে মোট =১১,০০,০০০/- (এগার লক্ষ) টাকা বিনিয়োগ ও =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পুনঃ বিনিয়োগ করা হয়েছে। অনাদায়ী অর্থ আদায় হয়েছে =৩,৯২,০০০/- (তিন লক্ষ বিরানব্বই হাজার) টাকা। ১২ টি হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। ০৪ জন বীর মুক্তিযোদ্ধা ছিলেন। ০২ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। আর্থিকভাবে সাহায্য করা হয়েছে ২৫ জনকে। সমাজসেবা অফিসের রুমের সিলিং ফিটিং বাবদ =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রয়োজন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা বিভাগের ভাতাভোগীর কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র উপজেলার সমবায় সমিতিগুলোর ২০২০-২০২১ সনের বার্ষিক অডিট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন হচ্ছে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা কার্যক্রম যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন।<br>০৪। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। ২০২১-২২ অর্থবছরে টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর ১ম পর্বের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের পরিপ্রেক্ষিতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিভাজন করে দেয়া হয়েছে। প্রকল্প তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>০২। দেওয়ানগঞ্জ উপজেলার নদী ভাংগন এলাকার ১৫৬ টি পরিবারের অনুকূলে =১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ নির্দিষ্ট পরিপত্রের নির্দেশনা মোতাবেক বিতরণ করা হবে।<br>০৩। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর আওতায় প্রকল্প তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ২৫/১১/২০২১ খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক দেওয়ানগঞ্জ পৌরসভা ভবনে ২০২২ সালের প্রাথমিক পর্যায়ের পাঠ্য বই সংরক্ষণ করা হয়েছে। ২০২২ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত মোট বইয়ের চাহিদা ২,৩১,৬৪৫ টি। ইতোমধ্যে ১,৯৬,৭৩৭ টি বই পাওয়া গেছে। গত ২১/১১/২০২১ খ্রি. তারিখ হতে বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হচ্ছে। অবশিষ্ট বইগুলো পাওয়া গেলে বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২২ শিক্ষাবর্ষে বিদ্যালয় পর্যায়ে বই বিতরণ কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এসএসসি, দাখিল পরীক্ষা সুষ্ঠ ও সুন্দরভাবে শেষ হয়েছে। ৩০/১২/২০২১ খ্রি. তারিখ হতে ডিগ্রী পরীক্ষা শুরু হবে। উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ভবন নির্মাণের কাজ শুরু হবে। **TAIHAN CONSTRUCTION** কনসাল্টেনবৃন্দ ইতোমধ্যেই জায়গা পরিদর্শন করেছেন। তাদের জায়গা বুঝিয়ে দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। উপজেলা পরিষদের পক্ষে ভবন নির্মানের নির্ধারিত স্থান বুঝিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এছাড়া ১২-১৮ বয়সের ছাত্র/ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১০/১/২০২২ খ্রি. তারিখের মধ্যে ভ্যাকসিন প্রদান কার্যক্রম শেষ হবে। | ডিগ্রী পরীক্ষা নকলমুক্ত পরিবেশে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর/ মাসে মোট সক্ষম দম্পতি ৬০১৯০ জন, মোট পদ্ধতি, গ্রহণকারী ৪৮২৬২ জন। পদ্ধতিগ্রহণকারীর হার ৮০.১৮%। প্রয়োগকৃত আইইউডি-০৫ জন। স্থায়ী পদ্ধতি = ১৫ জন মহিলা, ইমপ্ল্যান্ট-১০০ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ১০২৮৪ পিস, আপন-২০৮ চক্র, কনডম-১৩৬৬৩ পিস, ইনজেকশন-১৯১৫ ভায়াল। মেসোপষ্টাল-৪৬। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় গবাদি পশু চিকিৎসা কার্যক্রম ভালোভাবে চলছে। এছাড়া কৃত্রিম প্রজনন কার্যক্রমও সুন্দর এবং সঠিকভাবে চলছে। দেওয়ানগঞ্জ উপজেলার কসাইদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। অসুস্থ্য ও রোগাক্রান্ত গরু যেন জবাই না করে সে বিষয়ে অবহিত করা হয়েছে। অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, শীত মৌসুম পুকুর এবং জলাশয়ে পানি কম থাকে। এ সময়ে মাছের ক্ষতরোগ লক্ষ্য করা যায়। মৎস্য দপ্তরের চলমান ০২ টি প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নের ০২ জন লিফ রয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়নের মৎস্য চাষীদের পরামর্শ প্রদান করার কথা থাকলেও তারা নিয়মিত ইউনিয়ন পরিষদে অবস্থান করেনা। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | মৎস্য দপ্তরের চলমান ০২ টি প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নের ০২ জন লিফ ইউনিয়ন পরিষদে অবস্থান করে কিনা সে ব্যাপারে ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক মনিটরিং এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপকারভোগীর সংখ্যা-৯৪৪ জন। ঋনী সংখ্যা-১৬০০ জন। চলতি অর্থবছরে ০৮ জন সদস্যের মাঝে ঋণ বিতরন=৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন-৩,১২,২৫,৮০০/-(তিন কোটি বার লক্ষ পঁচিশ হাজার আটশত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য-২,৭৬,২৮,৫০৭/- (দুই কোটি ছিয়াত্তর লক্ষ আটাশ হাজার পাঁচশত সাত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়-২,৫৩,৩৫,৫৮২/- (দুই কোটি তিপ্পান্ন লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত বিরাশি) টাকা। ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার-৯২%। খেলাপী টাকার পরিমান-১৬,৮৮,২৫৩/- (ষোল লক্ষ আটাশি হাজার দুইশত তিপ্পান্ন) টাকা।<br>পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা- ২৩৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘূর্ণায়মান-২৫,০০,০০০/- | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২২,৩১,২০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৩২,৩৬০/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৯১ %<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্প-<br>চলতি অর্থবছরে বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৪০,২৪১/-<br>আদায়ের শতকরা হার-৯১%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-০৯ জন ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ-২৭৫৭ জন<br>মহিলা-১১১ জন মহিলা-৪১৭৭ জন<br>মোট-১২০ জন মোট-৬৯৩৪ জন | | |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য আবেদন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>০২। যথাযোগ্য মর্যাদায় বেগম রোকেয়া দিবস/২১ পালন করা হয়েছে।<br>০৩। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য আবেদন পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ঋণ আদায় হয়েছে ০.৩০ লক্ষ টাকা। কোন ঋণ বিতরণ করা হয়নি। খেলাপী ঋণ আদায় করার জন্য কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | ঋণ বিতরণ না হওয়ার কারণ আগামী মাসিক সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে বন বিভাগ কর্তৃক বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্যাকান্দি ব্রীজের উত্তর পাশে পাকা রাস্তা হতে চরপোল্যাকান্দি মসজিদ পর্যন্ত ও পোল্যাকান্দি ব্রীজ সংলগ্ন কবরস্থান হতে পূর্ব দিকে ৩ সিডলিং কি. মি. ষ্ট্রীপ বাগান সৃজন করন বিষয়ে অবহিত করেন। | উল্লিখিত স্থানে বাগান সৃজন কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | মেয়র ঃ<br>মেয়র, দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, অত্র দেওয়ানগঞ্জ পৌরসভার কার্যক্রম ভালোভাবে চলছে। সরকারি খাস জমির উপর কিছু অবৈধ স্থাপনা রয়েছে যা উচ্ছেদ রোধে সম্মানীত জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের নিকট একজন ম্যাজিস্ট্রেট প্রয়োজন মর্মে আবেদন করেছিলেন। উপজেলা নির্বাহী অফিসার এই বিষয়ে সহযোগিতা করবেন। দেওয়ানগঞ্জ বাজারে রাস্তার ওপর কিছু দোকান রয়েছে। রাস্তায় জানজট সৃষ্টি হয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। বিভিন্ন উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট সংস্কার/মেরামত এবং বিভিন্ন স্থাপনা নির্মাণ যেন টেকসই, মজবুত ও সুন্দর হয় সে লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে সর্বদা তদারকির জন্য সভায় আলোচনা করেন। কোন ঠিকাদারী প্রতিষ্ঠান যেন বিতর্কিত কাজ না করে সেদিকেও নজরদারির জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ১৮) | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক<br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে,<br>১। মোট সমিতি গঠন- ২৪৬ টি<br>মোট সদস্য- ১১৫৯৩ জন<br>গত নভেম্বর/২১ মাসে মোট আদায়- ৬০ লক্ষ টাকা<br>গত নভেম্বর/২১ মাসে মোট বিতরন- ১.০৩৩ লক্ষ টাকা | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়ক আমার বাড়ি আমার খামার/ উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>০১) ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪২০১ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৬৫,০৩,০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ১৩,০০০০০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৯৮%<br>চ) আদায় হার-<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যোক্তা সংখ্যা- ৭৫ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ৫,৫০,০০০/-<br>গ) মোট ঋণ আদায়- ১৩,০২,০০০/-<br>ঘ) আদায় হার- ৯৮%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১০৪% | ঋন আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা |
| ২০) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র উপজেলার আমন ধান ও চাউল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী |

| | | | অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
|---|---|---|---|
| ২১) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২১ মাসে মোট ০৪ টি উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ দেরীতে পাওয়ায় উঠান বৈঠকগুলো সম্পন্ন করা সম্ভব হয়নি। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে পরামর্শ করে সম্পন্ন করা হবে। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর উঠান বৈঠক কার্যক্রম বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্প ০৬ নং ওয়ার্ডে কিছু ঘর রয়েছে। ০২ টি ঘরের মাঝখানে খুটি রয়েছে। চলাফেরা অসুবিধার সৃষ্টি হচ্ছে। এজিএম, পল্লী বিদ্যুৎ এঁর মাধ্যমে জনগণের নির্বিঘ্নে চলাফেরার জন্য খুঁটি সরানো যাবে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়াও গম বীজ প্রদানের জন্য কৃষি অফিসারের মাধ্যমে অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উল্লিখিত স্থানে ঘরের পাশে খুঁটি সরানো যায় কিনা সে ব্যাপারে এজিএম পল্লী বিদ্যুৎকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>চরআমখাওয়া প্যানেল চেয়ারম্যান সভায় তাঁর ইউপি চেয়ারম্যান জনাব আজিজুর রহমান আকন্দ সাহেব মৃত্যুবরন করায় তিনি প্যানেল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। সকল উন্নয়নমূলক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | জনগণের চলাফেরার সুবিধার্থে রাস্তা মেরামত/সংস্কারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। তিনি আসন্ন ইউপি নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>চেয়ারম্যান, হাতীভাংগা ইউপি সভায় জানান যে, হাতীভাংগা হতে দেওয়ানগঞ্জ মেইন রোড কিছুটা ভাংগনের সৃষ্টি হয়েছে। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তা সংস্কার মেরামত প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। এছাড়াও খোলাবাড়ী রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তগুলো খুব শীঘ্রই সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | রাস্তাটি মেরামত/সংস্কার গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান সভায় আগত নতুন ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানান। তিনি জানান যে, তাঁর ইউনিয়নে একটি হাসপাতাল রয়েছে। রোগীরা প্রয়োজনীয় ঔষধপত্র ও সেবা যেন পায় সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ভবনটি পুরাতন। নতুন ভবন নির্মাণ করা যায় কিনা সেজন্য অনুরোধ করেন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান, তাঁর ইউনিয়নে এইচএসসি পরীক্ষার্থী একটি ছেলেকে দোকানে কেরোসিন তৈল বিক্রয়ের অপরাধে ধরে নিয়ে গিয়েছিল পুলিশ। পরে তিনি গিয়ে বিষয়টি সমাধানের চেষ্টা করেন। মামলা চলমান রয়েছে। যমুনা নদীর পানি বর্ষাকালে বৃদ্ধি পেয়ে উপজেলাসহ বিভিন্ন এলাকা প্লাবিত হয়। সুইচ গেটের ব্যবস্থা করা গেলে হয়তবা বন্যার পানি রোধ করা যেতে পারে। প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করেন। মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনা মোতাবেক ১ ইঞ্চি জমি যেন পতিত না থাকে। চাষাবাদের উপযোগী খালি জায়গাগুলোতে কিছু না কিছু ফসলা ফলানোর ব্যাপারে সভায় আলোচনা করেন। এছাড়াও তিনি যত্ন প্রকল্পের অর্থ ভাতাভোগীদের মাঝে যথাসময়ে প্রদানের জন্য অনুরোধ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। এছাড়াও গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান, উপজেলা সমবায় অফিসার চাকুরী জীবনকাল শেষ। উপজেলা প্রাণি সম্পদ অফিসার প্রমোশনজনিত বদলী। ০২ জন অফিসার খুবই নিরহংকার ও সাদামাটা। বিভাগীয় কাযক্রম খুব ভালভাবে পরিচালিত করেছেন। সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান সাহেব মারা গেছেন। তাঁর আত্মার মাগফেরাত কামনা করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলক সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৩১) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ করেন। তিনি উপজেলা সমবায় অফিসার এবং উপজেলা প্রাণিসম্পদ অফিসারের জন্য সাধুবাদ জানান। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণ সভায় গুরুত্বপূর্ণ বক্তব্যের জন্য ধন্যবাদ জানান। প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ এবং জনপ্রতিনিধিগণ দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার ০২ জন অফিসার চলে যাচ্ছেন। উপজেলা সমবায় অফিসার চাকুরী জীবন শেষ। উপজেলা প্রাণি সম্পদ অফিসার প্রমোশনজনিত বদলী। দীর্ঘদিন এই উপজোয় সুনামের সাথে চাকরী করেছেন। তাঁদের শুভকামনা জানান। চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান সাহেব মৃত্যুবরন করেছেন। মহান আল্লাহতায়ালা তাঁকে বেহেশতবাসী করুন। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হবে এই আশাবাদ ব্যক্ত করেন। উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম আরও এগিয়ে নিতে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে একত্রে কাজ করতে অনুরোধ জানান। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে এবং সকল কার্যক্রম সুষ্ঠভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে নতুন ইংরেজি বছরের শুভেচ্ছা জানান। মাননীয় এমপি মহোদয় মানুষের জীবন মান উন্নয়নে কাজ করে যাচ্ছেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার ০২ জন অফিসার চলে যাবেন। উপজেলা সমবায় অফিসার চাকুরি জীবন শেষ এবং উপজেলা প্রাণি সম্পদ অফিসার প্রমোশনজনিত বদলী। তাঁদের জন্য শুভকামনা জানান। আগামী ০৫/১/২০২২ খ্রি. তারিখ ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠ ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হবে এই আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর সকল উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে সুখী সমৃদ্ধ দেশ গঠনে এবং দেওয়ানগঞ্জ উপজেলায় আরও উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তিনি বক্তব্য শেষ করেন। | আলোচনান্তে সকলের সহযোগিতায় উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | ডিসেম্বর/২১ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। ডিসেম্বর/২১ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | ডিসেম্বর/২১ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৩৬) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>১৪২৮ বঙ্গাব্দে দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ (তের) টি হাট বাজারের মধ্যে ০৯ (নয়) টি হাট ইজারা হয়েছে। তন্মধ্যে ০৮ (আট) টি হাটের ভ্যাট আয়করসহ সকল টাকা ইজারদারগণ পরিশোধ করেছেন। সানন্দবাড়ি হাটের ইজারাদারের নিকট সর্বমোট =৯,২৫,২৫০/- (নয় লক্ষ পঁচিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা পাওনা রয়েছে। তিনি প্রতি হাটে =১,০০০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করবেন মর্মে জানান। অবশিষ্ট ০৪ (চার) টি হাটের ইজারা হয়নি। সরকারি হাটবাজার নীতিমালা ২০১১ অনুযায়ী বিজ্ঞপ্তি দেয়া আছে এবং খাস আদায় কমিটির মাধ্যমে খাস আদায় কার্যক্রম চলমান রয়েছে। | সানন্দবাড়ী হাটের ইজারাদারকে অবিলম্বে অবশিষ্ট টাকা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | বিবিধ ঃ<br>ক) জনাব মোঃ শাহিন আহমেদ, উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, দেওয়ানগঞ্জ ইউনিট ও সদস্য সচিব, দেওয়ানগঞ্জ উপজেলা সেচ কমিটি সভায় জানান উপজেলা চেয়ারম্যান মহোদয় বরাবর দেওয়ানগঞ্জ উপজেলার বিভিন্ন মৌজার ১৭৭ টি আবেদন জমা হয়। উপজেলা সেচ কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার এঁর নির্দেশে সরজমিনে তদন্ত করে উপজেলা সেচ কমিটির সভায় উপস্থাপন করা হয়। তদন্ত প্রতিবেদন যাচাই বাছাই করে ১৪৭ টি আবেদন সেচ নীতিমালার অনুকূলে হওয়ায় লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং ৩০ টি আবেদন সেচ নীতিমালার অনুকূলে না হওয়ায় বাতিল করা হয়। ১৪৭ টি আবেদন অনুমোদনের জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করা হলো। তিনি আরো জানান যে, প্রতিটি সেচ লাইসেন্স আবেদন সরেজমিনে তদন্ত বাবদ প্রতিটিতে =২০০/- (দুইশত) টাকা হারে মোট (১৭৭x২০০/-)=৩৫,৪০০/- (পঁয়ত্রিশ হাজার চারশত) টাকা এবং উপজেলা কৃষি অফিসারের মাধ্যমে পুনস্তদন্ত বাবদ প্রতিটি =২০০/- (দুইশত) টাকা হারে (১৭৭x২০০/-)=৩৫,৪০০/- (পঁয়ত্রিশ হাজার চারশত) টাকা, সদস্যদের সম্মানী ভাতা | ক) উল্লিখিত ব্যয় বাবদ=৮৭,৮০০/- (সাতাশি হাজার আটশত) টাকা উপজেলা সেচ কমিটির নামীয় তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য ০১ (এক) টি চেয়ার ক্রয় বাবদ =১০,৪০০/- (দশ হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উল্লিখিত ব্যয় বাবদ=৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | বাবদ=১০,০০০/- (দশ হাজার) টাকা, ফটোকপি=৪,০০০/- (চার হাজার) টাকা, লাইসেন্স ছাপানো=১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং আপ্যায়ন বাবদ=১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, মোট =৮৭,৮০০/- (সাতাশি হাজার আটশত) টাকা সেচ নীতিমালা ২০১৯ এর ১৩ নং অনুচ্ছেদের উপ-বিধি ২ এর ক্ষমতাবলে ব্যয় নির্বাহের জন্য অনুরোধ করা হয়।<br><br>খ) উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য ০১ (এক) টি চেয়ার ক্রয় বাবদ =১০,৪০০/- (দশ হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এই বিষয়ে আলোচনা করা হয়। | নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ১২৪৭ (৪০)

তারিখ ঃ ২৮/১২/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

২৮/১২/২১

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।